

স্কিমের নামঃ

পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কিম।

ঋণের উদ্দেশ্যঃ

সীমিত আয়ের চাকুরিজীবীদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে তাঁদের সাময়িক আর্থিক সংকট নিরসন করা ও দেশের আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখা।

ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ

- ❖ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, এমপিওভুক্ত স্কুল ও কলেজের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণ যাদের চাকুরিকাল ন্যূনতম ২ বছর সম্পন্ন হয়েছে তারা এ কর্মসূচির আওতায় ঋণের জন্য আবেদনযোগ্য। তবে চাকুরির মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ৫ বছর থাকতে হবে।
- ❖ ঋণ আবেদনকারীর বেতন ভাতাদি বাংলাদেশ কৃষি ব্যাংকের যে শাখায় জমা হবে শুধুমাত্র সে শাখায় ঋণের জন্য আবেদন করতে হবে।
- ❖ যারা কনজুমার ক্রেডিট ঋণ সুবিধা ভোগ করছেন তারা এ ঋণ সুবিধার জন্য বিবেচিত হবে না।

ঋণ সুবিধার প্রকৃতিঃ

- ❖ সুদের হার : ৯%।
- ❖ ঋণের সিলিং : সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা।
- ❖ ঋণের মেয়াদকাল : সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর।
- ❖ প্রসেসিং ফি : ৫০০/- টাকা।

পরিশোধ পদ্ধতিঃ

ঋণের মেয়াদকালের মধ্যে সম-মাসিক কিস্তিতে বেতন হতে আদায়/ পরিশোধযোগ্য। ৯% হারে (সময়ে সময়ে পরিবর্তনযোগ্য) এমোর্টাইজেশন (Amortization) পদ্ধতিতে নিম্নোক্তভাবে মাসিক কিস্তি নির্ধারিত হবেঃ

ঋণসীমা (টাকায়)	১২ কিস্তিতে পরিশোধ যোগ্য	২৪ কিস্তিতে পরিশোধ যোগ্য	৩৬ কিস্তিতে পরিশোধ যোগ্য	৪৮ কিস্তিতে পরিশোধ যোগ্য	৬০ কিস্তিতে পরিশোধ যোগ্য
১,০০,০০০	৮,৭৪৫	৪,৫৬৮	৩,১৮০	২,৪৮৯	২,০৭৬
২,০০,০০০	১৭,৪৯০	৯,১৩৭	৬,৩৬০	৪,৯৭৭	৪,১৫২
৩,০০,০০০	২৬,২৩৫	১৩,৭০৫	৯,৫৪০	৭,৪৬৬	৬,২২৮
৪,০০,০০০	৩৪,৯৮১	১৮,২৭৪	১২,৭২০	৯,৯৫৪	৮,৩০৩
৫,০০,০০০	৪৩,৭২৬	২২,৮৪২	১৫,৯০০	১২,৪৪৩	১০,৩৭৯
৬,০০,০০০	৫২,৪৭১	২৭,৪১১	১৯,০৮০	১৪,৯৩১	১২,৪৫৫
৭,০০,০০০	৬১,২১৬	৩১,৯৭৯	২২,২৬০	১৭,৪২০	১৪,৫৩১
৮,০০,০০০	৬৯,৯৬১	৩৬,৫৪৮	২৫,৪৪০	১৯,৯০৮	১৬,৬০৭
৯,০০,০০০	৭৮,৭০৬	৪১,১১৬	২৮,৬২০	২২,৩৯৭	১৮,৬৮৩
১০,০০,০০০	৮৭,৪৫১	৪৫,৬৮৫	৩১,৮০০	২৪,৮৮৫	২০,৭৫৮